



COVID-19 ভ্যাকসিন, টেস্ট, চিকিৎসা, এবং আপনি

এটির সম্পর্কে আপনার যা জানা উচিত

COVID-19 ভ্যাকসিন, টেস্ট, এবং চিকিৎসা Medicaid সদস্যদের জন্য বিনামূল্যে উপলব্ধ

- NYS Medicaid অনেকগুলি COVID-19 টেস্ট, ভ্যাকসিন, বুস্টার এবং চিকিৎসা পদ্ধতিকে কভার করে।
- সেগুলিকে অবশ্যই FDA অনুমোদিত বা স্বীকৃত হতে হবে।
- COVID-19 পরিষেবা সদস্যদের জন্য বিনামূল্যে উপলব্ধ। স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং ফার্মেসি আপনাকে চার্জ করতে পারবে না।
- চিকিৎসাগুলি মনোক্লোনাল অ্যান্টিবডি এবং অ্যান্টিবায়েরালের মতো ওষুধগুলি হতে পারে।
- COVID-19 ভ্যাকসিন, টেস্ট বা চিকিৎসা সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ফার্মাসিস্টের সাথে যোগাযোগ করুন।

আরও তথ্যের জন্য

- Fee For Service (FFS) কভারেজ সম্পর্কিত প্রশ্নের জন্য, Office of Health Insurance Programs (OHIP) Division of Program Development and Management (DPDM) এর সাথে যোগাযোগ করুন। (518) 473-2160 নম্বরে কল করুন বা FFSMedicaidPolicy@health.ny.gov -এতে ইমেল করুন।
- FFS ফার্মেসি কভারেজ সম্পর্কিত প্রশ্নের জন্য, Medicaid Pharmacy Policy Unit-এর সাথে যোগাযোগ করুন। (518) 486-3209 নম্বরে কল করুন বা PPNO@health.ny.gov -এতে ইমেল করুন।
- ম্যানেজড কেয়ার কভারেজ সম্পর্কিত প্রশ্নের জন্য, আপনার ম্যানেজড কেয়ার হেল্থ প্ল্যানের সাথে যোগাযোগ করুন।

COVID-19 টিকাগুলো

NYS Medicaid কি COVID-19 ভ্যাকসিনগুলিকে কভার করে?
হ্যাঁ। সদস্যরা বিনামূল্যে COVID-19 ভ্যাকসিন বা বুস্টার পেতে পারেন।

কি কি ভ্যাকসিন কভার করা হয়?

সমস্ত ভ্যাকসিন এবং বুস্টার গুলিকে কভার করা হয়। সেগুলি অবশ্যই FDA দ্বারা অনুমোদিত বা স্বীকৃত হতে হবে।

আমি কোথা থেকে টিকা নিতে পারি?

সদস্যরা স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অফিস, ফার্মেসি এবং স্বাস্থ্যসেবা কেন্দ্র থেকে ভ্যাকসিন নিতে পারেন।

আমার যদি COVID-19 ভ্যাকসিন সম্পর্কে কোনও প্রশ্ন থাকে তাহলে কী হবে?

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ফার্মাসিস্ট ভ্যাকসিন বা বুস্টার সম্পর্কিত প্রশ্নের উত্তর দিতে পারেন।

COVID-19 টেস্ট

কি কি ধরনের টেস্ট কভার করা হয়?

Medicaid কিছু হোম টেস্ট সহ COVID-19-এর টেস্টগুলি কভার করে। অ্যান্টিজেন এবং পলিমারেজ চেইন রিঅ্যাকশন উভয় টেস্টকেই কভার করা হয়। কোন ব্র্যান্ডের টেস্টগুলি কভার করা হয়েছে সে সম্পর্কে আপনার ফার্মাসিস্ট বা স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসাবাদ করুন।

আমি কোথায় টেস্ট করতে পারি?

আপনি অনেক স্বাস্থ্যসেবা প্রদানকারীর অফিসে, ক্লিনিকে এবং ফার্মেসিতে টেস্ট করতে পারেন। আপনি বাড়িতেও টেস্ট করতে পারেন। সদস্যরা Medicaid গ্রহণ করে এমন একটি ফার্মেসি থেকে হোম টেস্ট করতে পারেন। আপনার ফার্মাসিস্টকে জিজ্ঞাসা করুন। [COVIDtests.gov](https://www.covidtests.gov), অথবা আপনার কাউন্টি হেলথ ডিপার্টমেন্টের মাধ্যমে আপনি বিনামূল্যে হোম টেস্টগুলি করতে পারেন। আপনার কাউন্টি হেলথ ডিপার্টমেন্ট খুঁজুন: https://health.ny.gov/contact/contact_information/-এতে।

আমার কখন টেস্ট করানো উচিত?

আপনার কোন **COVID-19 উপসর্গ** থাকলে CDC এখনই টেস্ট করতে বলছে। আপনি যদি COVID-19 – এর **সংস্পর্শ** এসে থাকেন তাহলেও আপনার টেস্ট করানো উচিত।

যদি আমার টেস্ট পজিটিভ হয় তাহলে কী কি হবে?

আপনার টেস্ট পজিটিভ হলে তা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জানান। তারা আপনাকে আপনার প্রয়োজনীয় সেবা পেতে সাহায্য করতে পারে। যদি আপনি COVID-19 হওয়ার পরেও অসুস্থ বোধ করতে থাকেন তবে তারা সেক্ষেত্রেও আপনাকে সাহায্য করতে পারে।

COVID-19 চিকিৎসা

NYS Medicaid কি COVID-19 চিকিৎসাকে কভার করে?

হ্যাঁ, সদস্যরা FDA দ্বারা অনুমোদিত বা স্বীকৃত থেরাপির মাধ্যমে COVID-19 -এর জন্য বিনামূল্যে চিকিৎসা লাভ করতে পারেন।

কোন কোন COVID-19 চিকিৎসাগুলিকে কভার করা হয়?

Medicaid অ্যান্টিবায়েরাল এবং মনোক্লোনাল অ্যান্টিবডিগুলিকে কভার করে। সেগুলি অবশ্যই FDA দ্বারা অনুমোদিত বা স্বীকৃত হতে হবে। চিকিৎসা আপনার শরীরকে ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করতে পারে। আপনার টেস্ট পজিটিভ হবার সাথে সাথে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে তা জানানো গুরুত্বপূর্ণ। আপনার যদি এই চিকিৎসাগুলির মধ্যে কোনও একটিরও প্রয়োজন হয় তবে সেক্ষেত্রে তারা আপনাকে সহায়তা করতে পারে।

আমি কোথায় চিকিৎসা পেতে পারি?

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে কোথায় যেতে হবে তা বলে দিতে পারেন। আপনার যদি কোনও সহায়তাকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী না থাকে, তাহলে আপনি আপৎকালীন সেবা বিভাগ বা হাসপাতালে যান। [Test-To-Treat Sites](#) একই ভিজিটে টেস্ট এবং চিকিৎসা প্রদান করে।